

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬ ১৬

জন্মপুর্তীজলা, ৯ নভেম্বর, ২০২৩

২৬-২৮ নভেম্বর জন্মপুর্তীজলায় রাজ্যভিত্তিক ১৫৩তম কলই রাই বালমা পানদা

আগামী ২৬-২৮ নভেম্বর জন্মপুর্তীজলা মহকুমার অন্তর্গত জন্মপুর্তীজলা দ্বাদশমান বালিকা বিদ্যালয়ের খেলার মাঠে ৩ দিনব্যাপী রাজ্যভিত্তিক ১৫৩তম কলই রাই বালমা পানদা অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানকে সামনে রেখে আজ সকালে জন্মপুর্তীজলা মহকুমা শাসকের অফিসে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় রাই বালমা পানদা কমিটির পক্ষ থেকে জানানো হয় এই বছর মেলায় ৭৫টি প্রদর্শনী স্টল থাকবে। অনুষ্ঠানকে সামনে রেখে জুমের ফসল বিক্রয় ও প্রদর্শনী প্রতিযোগিতা, ইন্ডিজেনাস ফুড ফেস্টিভ্যাল, কলই সমাজের বয়ন শিল্পের প্রদর্শন ইত্যাদি অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করেন বিধায়ক বিশ্বজিৎ কলই। উপস্থিত ছিলেন জন্মপুর্তীজলা মহকুমার মহকুমা শাসক দেবদাস দেববর্মা, কলই সমাজের রাই মঙ্গলপদ কলই, ডিসিএম সুদীপ দেববর্মা, ডিসিএম বিশ্বনাথ রাই। এছাড়া উপস্থিত ছিলেন পূর্ত, গ্রাম উন্নয়ন, কৃষি ও কৃষক কল্যাণ, পানীয় জল ও স্বাস্থ্য বিধান, স্বাস্থ্য দপ্তর, বন দপ্তর সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।
